যুক্তরাজ্যে জকিগঞ্জ ইউনাইটেড এসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ডেস্ক রিপোর্ট: জকিগঞ্জ ইউনাইটেড এসোসিয়েশন এর প্রতিষ্ঠাবাষির্কী উপলক্ষে যুক্তরাজ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
গতকাল যুক্তরাজ্যে বসবাসরত জকিগঞ্জ ইউনাইটেড এসোসিয়েশন এর সর্ব স্থরের নেতৃবৃন্দের উদ্যোগে এসোসিয়েশনের বর্ষপূর্তি উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল লন্ডন শহরস্থ সংগঠনের সহ-সভাপতি এসি আজাদ চৌধুরীর বাসভবনে অনূষ্ঠিত হয়। সংগঠনের প্রতিষ্ঠাতা আহবায়ক ও বর্তমান সহ-সভাপতি এসি আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন সংগঠনের সদস্য মোহাম্মদ ইব্রাহিম। সভায় সংগঠনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন, জকিগঞ্জ ইউনাইটেড এসোসিয়েশনের উপদেষ্ঠা মাওলানা মোঃ আব্দুল কুদ্দুছ, উপদেষ্টা শাহীন রশিদ, সহ-সাধারণ সস্পাদিকা রুলী চৌধুরী, সদস্য আব্দুল্লাহ আল মাহমুদ ইমন, আব্দুল বাছিত মুকুল, শিহাব উদ্দিন, আজিজা চৌধুরী, আমিরা চৌধুরী, মাইসা চৌধুরী, রাইসা চৌধুরী প্রমূখ।
নেতৃবৃন্দ বলেন, সংগঠনের জন্ম থেকে আজ পর্যন্ত সমস্ত কর্মসূচী খূবই সুন্দর ও সফল ভাবে সম্পন্ন করা হয়ছে, সব কর্মসূচী সবার কাছে প্রশংসনীয় হয়ছে। এ সমস্ত কর্মসূচী বাস্তবায়নে উপদেষ্ঠা বৃন্দ, সভাপতি, সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষ সহ কার্যকরী কমিটির সকল সদস্য বৃন্দ ও সাধারণ সদস্য বৃন্দ, বাংলাদেশ ও অন্যান্য দেশে সহ যাঁরা সাহায্য সহযোগীতা করেছেন তাঁদেও প্রতি কৃতজ্ঞতা। বিশেষ করে যুক্তরাজ্যে বাসায় এমন সুন্দর অনুষ্ঠানের আয়োজনের জন্য সহ-সভাপতি এসি আজাদ চৌধুরী ও সহ সম্পাদিকা রুলী চৌধুরীকে ধন্যবাদ জানান উপস্তিত নেতৃবৃন্দ।
সভার শুরুতে নেতৃবৃন্দকে ফুল দিয়ে বরণ করা হয় ও বর্ষপূর্তি উপলক্ষে কেক কাটা হয়। পরিশেষে পবিত্র কোরআন শরীফ খতমের ও সবার জন্য উপদেষ্ঠা মাওলানা মোঃ আব্দুল কুদ্দুছ এর দোয়ার মাধ্যমে অনুষ্টানের সমাপ্ত করা হয়। উল্লেখ্য, বর্তমান অবস্থার কারণে যুক্তরাজ্যের সরকারী নিয়ম মেনে সীমিত আকারে অনুষ্টানের আয়োজন

করা হয়।

প্রেস বিজ্ঞপ্তি